FEB. 01 2002

তারিখ ........................

পৃষ্ঠা ৩ কলাম ৫

ভারতের স্বার্থবিরোধ কর্মকাণ্ডের অভিযোগ

# মাদ্রাসা নিয়ে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মন্তব্যে বিরোধীরা ক্ষুব্ধ

কাগজ ডেস্ক : ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বিভিন্ন মুসলিম সংগঠনসহ বিরোধী দলগুলো মাদ্রাসা নিয়ে রাজ্য সরকারের কিছু মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে। বিরোধী দলগুলো বলছে, যেসব মাদ্রাসায় জাতীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ড চলছে বলে সরকার দাবি করছে, সরকার তাদের তালিকা প্রকাশ করুক। তাহলে তারা নিজেরাই সেই মাদ্রাসাগুলোতে তালা লাগিয়ে দেবে। সরকারের দরকার হবে না। বিবিসি।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার রাজ্যের মাদ্রাসাগুলোতে জাতীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ড চলে বলে অভিযোগ করেছে।

রাজ্যের বিরোধী তৃণমূল কংগ্রেস দলের বিধায়ক ও প্রদেশ কওমি তানজাম সংগঠনের সুলতান আহমেদ গতকাল কলকাতায় এক সংবাদ সম্মেলনে বলেন, রাজ্য সরকারের এ ধরনের মন্তব্য অত্যন্ত দুঃখজনক। আমরা সরকারের যতোগুলো শরিক দল আছে তাদের নেতাদের সঙ্গে দেখা করবো এবং তাদের মতামত চাইবো। তিনি বলেন, তাদের আমরা অনুরোধ করবো, বিশেষ করে যারা সংখ্যালঘু অঞ্চল থেকে বিধান সভার সদস্য হয়েছেন, তাদের মতও আমরা জানতে চাই। যদি কোনো মাদ্রাসা বা ইনস্টিটিউশন আইএসআই-এর সঙ্গে বা জাতীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ডে জড়িয়ে থাকে তাহলে সেই তালিকা মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য জনসমক্ষে প্রকাশ করুন। আমরা নিজেরাই সেই মাদ্রাসা ও ইনস্টিটিউশনগুলোতে তালা লাগিয়ে দেবো। সরকারের দরকার হবে না।

রাজ্যের অপর বিরোধী দল প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও সরকারি ঐ মন্তব্যের তীব্র প্রতিবাদ জানান কংগ্রেস বিধায়ক আব্দুল মান্নান। তিনি বলেন, এ মন্তব্যে মুসলিম সমাজের সবাইকে অভিযুক্ত করা হচ্ছে। আমি নিজেও মাদ্রাসার ছাত্র। আমি মাদ্রাসায় পড়েছি। তাই বলে কি আমি সন্ত্রাসবাদী? তাই এই সিদ্ধান্ত সম্পূর্ণ অগণতান্ত্রিক এবং এটি স্বৈরাচারী সিদ্ধান্ত।

এদিকে রাজ্যের মাদ্রাসাগুলোর সমস্যা বিস্তারিতভাবে জানতে রাজ্য সরকার ইতিমধ্যেই একটি কমিটি গঠন করেছে।